

৪.০৯। পেনশন মঞ্জুরির প্রয়োজনীয় ফরম, সনদ ও কাগজ পত্রাদি :

(ক) চাকুরের নিজের অবসর গ্রহণের ক্ষেত্রে : আনুতোষিক ও অবসর ভাতা পাওয়ার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না :

(১) নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকুরির বিবরণী-	১ কপি
(২) এলপিআর-এ গমনের মঞ্জুরি পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) -	১ কপি
(৩) প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) -	১ কপি
(৪) পেনশন ফরম ২.১ (সংযোজনী-৪) -	১ কপি
(৫) সত্যায়িত ছবি -	৪ কপি
(৬) প্রাপ্তব্য পেনশনের বৈধ উত্তরাধিকার ঘোষণা পত্র (সংযোজনী-২) -	৩ কপি
(৭) নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)-	৩ কপি
(৮) না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮)-	১ কপি
(৯) পেনশন মঞ্জুরি আদেশ-	১ কপি

(খ) পারিবারিক পেনশনের ক্ষেত্রে : আনুতোষিক ও অবসরভাতা পাইবার জন্য নিম্নে বর্ণিত ফরম, সনদ ও কাগজপত্রাদি হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে এবং হিসাবরক্ষণ অফিস ইহার অতিরিক্ত কোন ফরম, সনদ ও কাগজপত্রাদি চাহিতে পারিবে না। তবে প্রতিবন্ধী সন্তানের অনুকূলে পারিবারিক পেনশন মঞ্জুরির ক্ষেত্রে অনুচ্ছেদ ৩.০৪ অনুসরণে নিবন্ধন সম্পর্কিত পরিচয় পত্র হিসাবরক্ষণ অফিসে দাখিল করিতে হইবে।

(খ) (১) পেনশন মঞ্জুরির পূর্বেই পেনশনারের মৃত্যু হইলে :

১. নন-গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে সার্ভিস বুক/ গেজেটেড চাকুরেদের ক্ষেত্রে চাকুরির বিবরণী-	১ কপি
২. এলপিআর-এ গমনের মঞ্জুরিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) -	১ কপি
৩. প্রত্যাশিত শেষ বেতন পত্র/ শেষ বেতন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) -	১ কপি
৪. পারিবারিক পেনশনের আবেদন পত্র ফরম ২.১ (সংযোজনী-৫) -	১ কপি
৫. সত্যায়িত ছবি -	৪ কপি
৬. উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) -	৩ কপি
৭. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)-	৩ কপি
৮. অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার জন্য ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)-	৩ কপি
৯. চিকিৎসক/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র -	১ কপি
১০. না-দাবী প্রত্যয়ন পত্র (সংযোজনী-৮) -	১ কপি
১১. পেনশন মঞ্জুরি আদেশ-	১ কপি

(খ) (২) অবসরভাতা ভোগরত অবস্থায় পেনশনভোগীর মৃত্যু হইলে :

১. পেনশন আবেদন ফরম ২.২ (সংযোজনী-৫)-	১ কপি
২. সত্যায়িত ছবি -	৪ কপি
৩. উত্তরাধিকার সনদ পত্র ও নন ম্যারিজ সার্টিফিকেট (সংযোজনী-৩) -	৩ কপি
৪. নমুনা স্বাক্ষর ও হাতের পাঁচ আংগুলের ছাপ (সংযোজনী-৬)-	৩ কপি
৫. অভিভাবক মনোনয়ন এবং অবসর ভাতা ও আনুতোষিক উত্তোলন করিবার ক্ষমতা অর্পণ সনদ (সংযোজনী-৭)-	৩ কপি
৬. চিকিৎসক/পৌরসভা/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মৃত্যু সনদ পত্র -	১ কপি
৭. পিপিও এবং ডি-হাফ -	১ কপি